

8 ফেব্রুয়ারি, 2023

প্রিয় পরিবারবর্গ,

মেয়রের সোমবারের ঘোষণা অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি বোর্ড অভ হেল্থ এই সপ্তাহে সিটির টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন)-এর শর্তাবলী পরিবর্তন করবে বলে প্রত্যাশিত। সুনির্দিষ্টভাবে, 10 ফেব্রুয়ারি, 2023 তারিখ থেকে, দর্শনার্থী ও পরিবারের সদস্যগণ সহ NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (DOE) স্টাফ এবং DOE স্কুল ও বিল্ডিংসমূহের অন্যান্য ব্যক্তিদের - আর COVID-19 -এর টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশনের প্রমাণ দেখানো আবশ্যিক হবে না। এর অর্থ হচ্ছে যে, স্কুল-পরিচালিত অনুষ্ঠানসমূহের - যেমন ফিল্ড ট্রিপ - স্বেচ্ছাসেবকগণ ও স্কুল বিল্ডিংগুলোতে বিভিন্ন কর্মকাণ্ডে অংশগ্রহণকারীদের পাশাপাশি, DOE-এর স্টাফ এবং DOE-এর বিল্ডিংগুলোতে কর্মরত অন্যান্যদের জন্য COVID-19 -এর টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশন হবে ঐচ্ছিক।

স্কুলগুলো মাস্ক প্রদান এবং শিক্ষার্থীদের ও স্টাফদের মাঝে বিতরণের জন্য অব্যাহতভাবে COVID-19 টেস্ট লভ্য রাখবে। কোনো উপসর্গ দেখা দিলে, সংক্রামিত কারো কাছাকাছি আসলে, অথবা উচ্চ-ঝুঁকিপূর্ণ কর্মকাণ্ডে (যেমন ভ্রমণ এবং বহু মানুষের সমাগম) অংশগ্রহণের পর পরীক্ষা বা টেস্ট করার জন্য এই টেস্টগুলো শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবারের সদস্যগণ ব্যবহার করতে পারেন।

স্মরণ করিয়ে দিচ্ছি, কোভিড-19 (COVID-19) রোধে এবং আমাদের স্কুলগুলোকে আমাদের সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ রাখার জন্য এখনো সবচেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার হলো টিকাগ্রহণে হালনাগাদ থাকা। 6 মাস এবং এরচেয়ে বেশি বয়সী ছেলেমেয়েরা কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য। 6 মাস এবং এরচেয়ে বেশি বয়সীদের জন্য এখন হালনাগাদকৃত বাইভ্যালেন্ট COVID-19 ভ্যাকসিন বুস্টার লভ্য রয়েছে। যারা যোগ্য আমরা তাদের এই বুস্টারগুলো নিতে উৎসাহ দেই। যদি আপনার সন্তান কোভিড-19 (COVID-19) টিকা বা বুস্টার দেয়ার যোগ্য হয়ে থাকে কিন্তু এখনও গ্রহণ করেনি, তবে অনুগ্রহ করে [vaccinefinder.nyc.gov](https://vaccinefinder.nyc.gov) সাইটে একটি অ্যাপয়েন্টমেন্ট করার এই সুযোগ গ্রহণ করুন অথবা 311 নম্বরে ফোন করে নিকটবর্তী টিকাকেন্দ্র (ভ্যাকসিন সাইট) খুঁজে নিন। এখানে আপনি আরও তথ্য পাবেন: [nyc.gov/site/doh/covid/covid-19-vaccines.page#boost](https://nyc.gov/site/doh/covid/covid-19-vaccines.page#boost). COVID-19 ভ্যাকসিনের সময়সূচি সম্পর্কিত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে [cdc.gov/coronavirus/2019-ncov/vaccines/stay-up-to-date.html](https://cdc.gov/coronavirus/2019-ncov/vaccines/stay-up-to-date.html) দেখুন। আমাদের কোভিড সম্পর্কিত সর্বসাম্প্রতিক তথ্যের প্রতি চোখ রাখতে অনুগ্রহ করে এখানে দেখুন: [schools.nyc.gov/school-life/health-and-wellness/covid-information](https://schools.nyc.gov/school-life/health-and-wellness/covid-information)

COVID-19 এবং অন্যান্য ভাইরাস প্রতিরোধ করতে, এবং হেল্থ ডিপার্টমেন্টের সাম্প্রতিক পরামর্শের সাথে সামঞ্জস্য বজায় রেখে, আমাদের জোর পরামর্শ হচ্ছে স্কুলসহ জনাকীর্ণ, আবদ্ধ কোনো পাবলিক স্থানসমূহে সবসময় মাস্ক পরার, এবং ঘন ঘন হাত ধোয়ার অভ্যাস করা, এবং যখন কাশি বা হাঁচি দেয়ার সময় তাদের মুখ এবং নাক টিস্যু দিয়ে ঢেকে রাখা উচিত।

এই পরিবর্তন সম্পর্কে অতিরিক্ত তথ্য নিচে দেয়া হয়েছে।

আপনাদের অব্যাহত অংশীদারিত্বের জন্য ধন্যবাদ।

আন্তরিকভাবে,

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

**প্যারেন্ট-টিচার কনফারেন্স কি সশরীরে হবে?**

প্যারেন্ট-টিচার কনফারেন্সসমূহ অব্যাহতভাবে দূর থেকে বা রিমোটভাবে অনুষ্ঠিত হবে, যদিও পিতামাতা এবং প্রযত্ন-প্রদানকারীগণ সবসময়ই একটি পারস্পরিক সম্মত তারিখ এবং সময়ে সশরীরে কনফারেন্সের জন্য অনুরোধ করতে পারেন।

**এর অর্থ কি নন-ভ্যাকসিনেটেড বা টিক গ্রহণ করেনি এমন পিতামাতাগণ পুনরায় স্কুলে প্রবেশ করতে পারবেন? PSAL খেলাধুলায় উপস্থিত হতে পারবেন?**

হ্যাঁ, এর অর্থ হচ্ছে টিক গ্রহণ করেনি এমন পিতামাতা এবং কমিউনিটি সদস্যগণ স্কুলে প্রবেশ করতে এবং পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ (PSAL)-এর খেলাধুলা ও স্কুল বিল্ডিংসমূহে অনুষ্ঠিত অন্যান্য কর্মকাণ্ডে উপস্থিত হতে পারবেন।

**এটা কীভাবে PSAL এবং স্কুলের অন্যান্য ক্রীড়া কর্মকাণ্ডে প্রভাব ফেলে?**

সেপ্টেম্বর 2022-এর ঘোষণা অনুযায়ী, উচ্চ-বুঁকিসম্পন্ন খেলাধুলা অথবা পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে শিক্ষার্থীদের আর সম্পূর্ণভাবে টিকাপ্রাপ্ত বা ভ্যাকসিনেটেড হওয়া আবশ্যিক নয়।